

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নবাবাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-৩৩.০২.২৭৬৯.৫০১.২১.০২৭.১৮.১৭৫

তারিখ: ১৫/১০/২০২০ খ্রি:

নোটিশ

এতদ্বারা দিনাজপুর জেলার নবাবাগঞ্জ উপজেলাধীন সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ মোতাবেক আপনার এলাকায় নিম্ন বর্ণিত কার্যক্রমসমূহ নিষিদ্ধ ও শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে:

১) নদী-নালা, খাল-বিলসহ অন্যান্য জলাশয়ে স্থায়ী কোন স্থাপনা (ফিক্সড ইঞ্জিন) যেমন- বেড়া, বাঁধ, বেড়িবাঁধ, স্থায়ী জাল ইত্যাদি এর মাধ্যমে মৎস্য আহরণ করা;

২) যে কোন জলাশয়ে বিস্ফোরক দ্রব্য, বন্দুক, তীর ধনুক, বিষ প্রয়োগ, পরিবেশ দূষণ, বাণিজ্যিক বর্জ্য বা অন্য উপায়ে মৎস্য আহরণ বা ধ্বংস করা বা উদ্যোগ নেয়া;

৩) চাষের উদ্দেশ্যে ব্যতীত কোন জলাশয় পানি শূণ্য করে বা শুষ্ক করে মাছ আহরণ করা বা ধ্বংস করা বা উদ্যোগ নেয়া;

৪) আফ্রিকান মাগুর এবং পিরানহা জাতীয় মাছ প্রজনন, আমদানি, চাষ, পরিবহন, প্রদর্শন, সংরক্ষণ, বাজারজাত ও বিক্রয় করা;

৫) ২৫ সেন্টিমিটার (১০ ইঞ্চি) এর ছোট আকারের ইলিশ (জাটকা) মাছ আহরণ, বহন, পরিবহন, সংরক্ষণ, অধিকার, দখল, বাজারজাত ও বিক্রয় করা; এবং


৬) মাছ ধরার ক্ষেত্রে ৪.৫ সেন্টিমিটার বা তদপেক্ষা কম ব্যাস বা দৈর্ঘ্যের ফাঁস বিশিষ্ট ফাঁসজালের ব্যবহার।

এই আইনের ধারা-৫ মোতাবেক যদি কোন ব্যক্তি এই আইনের অধীনে কোন অপরাধ করে থাকে তবে উক্ত ব্যক্তি অনুরূপ অপরাধের জন্য কমপক্ষে ১ বছর হতে সর্বোচ্চ ২ বছরের সশ্রম কারাদণ্ড বা ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা পর্যন্ত জরিমানা বা উভয় দণ্ডে দণ্ডিত হবে।

তাছাড়া কারেন্ট জাল তৈরি, বুনন, আমদানি, বহন, পরিবহন, প্রদর্শন, সংরক্ষণ, অধিকার, দখল, বাজারজাত, বিক্রয় ও ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ ও আইনত দণ্ডনীয় অপরাধ। যদি কোন ব্যক্তি এই আইনের অধীনে কোন অপরাধ করে থাকে তবে উক্ত ব্যক্তি অনুরূপ অপরাধের জন্য কমপক্ষে ১ বছর হতে সর্বোচ্চ ৫ বছরের সশ্রম কারাদণ্ড বা ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হতে ১০,০০০ (দশ হাজার) টাকা পর্যন্ত জরিমানা বা উভয় দণ্ডে দণ্ডিত হবে।

সরকারি আদেশক্রমে আপনাদের জানিয়ে দেয়া হলো।

প্রাপক: নবাবাগঞ্জ উপজেলার সকল মাছবাজারের পাইকারি ও খুচরা মাছ বিক্রেতা, মৎস্যচাষী ও মৎস্যজীবী,
নবাবাগঞ্জ, দিনাজপুর।


(মোঃ মারজান সরকার)


উপজেলা মৎস্য কর্মকর্তা
নবাবাগঞ্জ, দিনাজপুর।

তারিখ: ১৫/১০/২০২০ খ্রি:

স্মারক নং-৩৩.০২.২৭৬৯.৫০১.২১.০২৭.১৮.১৭৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) জেলা মৎস্য কর্মকর্তা, দিনাজপুর।
- ২) উপজেলা নির্বাহী কর্মকর্তা, নবাবাগঞ্জ, দিনাজপুর।
- ৩) ভারপ্রাপ্ত কর্মকর্তা, নবাবাগঞ্জ থানা, নবাবাগঞ্জ, দিনাজপুর।
- ৪) সংশ্লিষ্ট নথি।


উপজেলা মৎস্য কর্মকর্তা
নবাবাগঞ্জ, দিনাজপুর।